

যুগান্তর

প্রিন্ট: ০৯ নভেম্বর ২০২৫, ০৯:২০ এএম

শিক্ষাজ্ঞন

বুটেক্সের ডর্টি বিজ্ঞপ্তি: আবেদন শুরু ১১ নভেম্বর



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ০৭ নভেম্বর ২০২৫, ০৩:৩৪ পিএম



ফাইল ছবি।

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে (বুটেক্স) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের অধীনে মোট ১১টি বিভাগে শিক্ষার্থী ভর্তি করা হবে।

বিশ্ববিদ্যালয়ের একটি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিভিন্ন অনুষদের বিভাগগুলোর জন্য আবেদন শুরু হবে ১১ ডিসেম্বর সকাল ১০টা থেকে। আবেদনের সুযোগ এক মাস।

১১ ডিসেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করতে পারবেন শিক্ষার্থীরা।

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে ১১টি বিষয়ে এবার ৬৩০ আসনে শিক্ষার্থী ভর্তি নেওয়া হবে। সেগুলো হলো— ইয়ার্ন ইঞ্জিনিয়ারিং (৮০) জন, ফের্বিক ইঞ্জিনিয়ারিং (৮০) জন, ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং (৮০) জন, অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (৮০) জন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট (৮০) জন, টেক্সটাইল ফ্যাশন অ্যান্ড ডিজাইন (৪০) জন, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (৪০) জন, টেক্সটাইল মেশিনারি ডিজাইন অ্যান্ড মেইনটেন্যান্স (৪০) জন, ডাইজ অ্যান্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং (৪০) জন, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (৪০) জন ও টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং (৩০) জন।

এ বছর আবেদন ফি ৩০০ টাকা। অনলাইনে আবেদন করতে হবে।

লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীকে ১ হাজার ২০০ টাকা প্রদান করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

মোট ২০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে গণিত ৬০, পদার্থ ৬০, রসায়ন ৬০ ও ইংরেজি ১০ নম্বর। লিখিত পরীক্ষা ২০২৫ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষার নির্ধারিত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। প্রশ্নপত্র বাংলা এবং ইংরেজি উভয় মাধ্যমে হবে।

লিখিত পরীক্ষার যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে ২১ ডিসেম্বর আর প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ২৩ ডিসেম্বর সকাল ১০টা হতে ৩০ ডিসেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

৯ জানুয়ারি ২০২৬ (শুক্রবার) সকাল ১০টা হতে দুপুর ১২টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ: ২৫ জানুয়ারি ২০২৬। ফলাফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.butex.edu.bd) প্রকাশ করা হবে।